# ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
## স্বাস্থ্য বিভাগ

তারিখ: ০৯/০৩/২০২৬ খ্রি.

### মশক নিয়ন্ত্রণে গৃহিত কার্যক্রম

- মশক নিধন কার্যক্রমে বাংলাদেশ সেনাবাহিনীর অঙ্গ সংগঠন Bangladesh Machine Tools Factory (BMTF) কে নিয়োজিত করার মাধ্যমে মশক নিধন কার্যক্রমকে ডিজিটালাইজড করা এবং যথাযথ তদারকির ব্যবস্থা করা
- কিউলেক্স মশা নিধনে ডিএনসিসি এর বর্জ্য ব্যবস্থাপনা বিভাগের সাথে যৌথভাবে বদ্ধ খাল-বিল, ড্রেন, নালা-নর্দমা ইত্যাদি হটস্পট গুলোতে মশক নিধন কার্যক্রম পরিচালনা
- নিয়মিতভাবে ডিএনসিসি এর অন্তর্গত কচুরিপানা পূর্ণ ৬০০০ (ছয় হাজার) বিঘা কচুরিপানা পূর্ন জলাশয় পরিস্কার করার কার্যক্রম চলছে
- ব্র্যাক স্বাস্থ্য কর্মসূচি গ্লোবাল ফান্ডের সহায়তায় ডেঙ্গু বিষয়ে মানুষের মাঝে সচেতনতা সৃষ্টি করা এবং ডেঙ্গু ঝুঁকিপূর্ণ ওয়ার্ডসমূহে মশার উৎপত্তিস্থল দূরীকরণে সেপ্টেম্বর ২০২৫ খ্রি. "Operation Clean Home: Healthy lives" কর্মসূচির আওয়াতায় ৩৪ দিনের কর্মসূচিতে ২৫টি ওয়ার্ডে ৩৪টি অভিযান পরিচালনা করা হয়েছে। এ বছর এপ্রিল থেকে সেপ্টেম্বর ২০২৬ পর্যন্ত ০৬ (ছয়) মাস ব্যাপী ঝুঁকিপূর্ণ ওয়ার্ড সমূহে উক্ত কর্মসূচি পালনে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া হয়েছে।
- স্বাস্থ্য অধিদপ্তর ও Institute Of Epidemiology Disease Control And Research (IEDCR) এর সর্বশেষ জরিপ অনুযায়ী সেপ্টেম্বর ২০২৫ এ সপ্তাহব্যাপী Operation Clean Today; Safe Tomorrow পরিচালনা করা হয়েছে
- জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের কারিগরি সহায়তায় দেশে প্রথম বারের মতো Entomological surveillance কার্যক্রম চালু হয়েছে উক্ত Surveillance এর সাপ্তাহিক রির্পোট অনুযায়ী Action plan প্রণয়ন এবং QRT কার্যক্রম চালু আছে
- ডিএনসিসি'র ওয়েব সাইট এ ডেঙ্গু ইন্টিগ্রেটেড ড্যাসবোর্ড গঠনের মাধ্যমে সকল ডেঙ্গু রোগীর হালনাগাদ বিস্তারিত তথ্য, মশা ও লার্ভার ঘনত্ব, ডেঙ্গুর ঝুঁকি সূচক এবং ডেঙ্গু আক্রান্তের ঝুঁকিপূর্ণ স্থানের কালার কোডিং নির্দেশিকা ইত্যাদি সন্নিবেশিত করা হয়েছে
- প্রথম বারের মতো বাংলাদেশে ২০২৫ এ Hospital Surveillance এর মাধ্যমে ডেঙ্গু রোগী আক্রান্ত ব্যক্তির বাড়ির ঠিকানা সংগ্রহ এবং এসকল ঠিকানায় Quick Response Team (QRT) টীমের মাধ্যমে বিশেষ মশক নিধন কার্যক্রম পরিচালনা করা হয়। এ বছরও অনুরূপ কার্যক্রম গ্রহণ হয়েছে
- বর্ষা মৌসুমে হাসপাতাল থেকে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে ডেঙ্গু রোগী আক্রান্ত ব্যক্তির বাড়ির ঠিকানা সংগ্রহ এবং এসকল ঠিকানায় বিশেষ মশক নিধন কার্যক্রম পরিচালনা
- নিজস্ব কীটতত্ত্ববিদ এবং দেশের বিশিষ্ট কীটতত্ত্ববিদগণের পরামর্শ ক্রমে সমন্বিত মশক নিধন কার্যক্রম পরিচালনা
- বর্তমানে ব্যবহৃত কীটনাশক পাশাপাশি অধিকতর কার্যকর জৈব কীটনাশক Bacillus Thuringiensis Israelensis (BTI) পরীক্ষামূলক প্রয়োগ শেষে ক্রয় প্রক্রিয়ার কার্যক্রম চলমান আছে
- ব্যবহৃত কীটনাশকের মান যাচাই এবং তদারকি কার্যক্রম জোরদার করার লক্ষ্যে করণীয় নির্ধারণের জন্য প্রশাসক মহোদয়ের সভাপতিত্বে বিশেষজ্ঞ কমিটির নিয়মিতভাবে সভার আয়োজন করা হয়
- মশক নিধন কার্যক্রম নিবিড় ভাবে পরিচালনা এবং তদারকির লক্ষ্যে মাননীয় প্রশাসক মহোদয়ের নেতৃত্বে ০৩ (তিন) স্তর বিশিষ্ট কমিটির কার্যক্রম চলমান রয়েছে
- ডিএনসিসি কর্তৃক ব্যবহৃত কীটনাশকের মান যাচাই এর জন্য ০৩ টি স্বনামধন্য সরকারি প্রতিষ্ঠান কর্তৃক দৈবচয়ন ভিত্তিতে নিয়মিতভাবে কীটনাশকের পরীক্ষা করা হয়

# ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
## স্বাস্থ্য বিভাগ

- স্থানীয় সরকার বিভাগ এর টেকনিক্যাল কমিটি এর গাইডলাইন অনুযায়ী কীটনাশকের যথাযথ ব্যবহার এবং কার্যকারিতা নিয়মিতভাবে পরীক্ষা করা হয়
- বর্ষা মৌসুমে স্বাস্থ্য কর্মীদের (ইপিআই) সাহায্যে বাড়ি-বাড়ি পরিদর্শনের মাধ্যমে ডেঙ্গু জ্বরে আক্রান্ত রোগীর পরিসংখ্যান ও পরামর্শ প্রদান করা হয়
- ডেঙ্গু সংক্রান্ত তথ্য ও পরামর্শের জন্য নাগরিক হটলাইন চালু আছে
- বর্ষা মৌসুমে সতর্কতামূলক বাল্ক (Bulk) এসএমএস প্রদান করা
- নিয়মিতভাবে ইমামগণের মাধ্যমে প্রতিটি মসজিদে জুমার নামাজের আগে এডিস মশা নিয়ন্ত্রণে করনীয় সম্পর্কে সচেতনতামূলক বার্তা প্রদান করা হয়
- জনসচেতনতা ও জনসংপৃক্ততার লক্ষ্যে প্রতি বছর ১ লাখ স্টিকার/লিফলেট প্রস্তুত করা হয়
- প্রতিটি ওয়ার্ডে হ্যান্ড মাইকের সাহায্যে জনসচেতনতা কার্যক্রম অব্যাহত রয়েছে
- বিগত ২০২৪ এ সম্পাদিত ড্রোনের সাহায্যে ছাদ বাগান এর জিপিএস লোকেশন অনুযায়ী মশার প্রজননের উৎসে মশক নিধন কার্যক্রম পরিচালিত হয়
- মশক নিধন কর্মীদের হাজিরা বায়োমেট্রিক পদ্ধতিতে গ্রহণ করা হয়
- মশার লার্ভা ধ্বংসে বদ্ধ পানিতে ব্যবহারের জন্য চতুর্থ প্রজন্মের কীটনাশক নোভালুরন ট্যাবলেট নিয়মিতভাবে প্রয়োগ করা হয়
- সরকারি প্রতিষ্ঠানে এডিস মশা নিয়ন্ত্রণে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের জন্য নিয়মিতভাবে পত্র/নোটিশ প্রদান করা হয়
- স্কুল ও মাদ্রাসা কেন্দ্রীক মশক নিধন কর্মসূচি গ্রহণ, যার মাধ্যমে ডিএনসিসি'র অন্তর্গত ১২৪৪টি শিক্ষা প্রতিষ্ঠানে "Clean School: No Mosquito" শীর্ষক বিশেষ মশক নিধন কার্যক্রম পরিচালনা করা হয়। ঈদুল ফিতর পরবর্তী বিদ্যালয়/মাদ্রাসা সমূহ চালুর পূর্বেই মার্চ ২০২৬ এ পূনরায় এই কার্যক্রম পরিচালনা করা হবে
- সকল পাবলিক পরীক্ষার পূর্বে ডিএনসিসি’র অন্তর্গত কেন্দ্রসমূহে মশক নির্মূলে বিশেষ অভিযান পরিচালনা করা হয়।
- ডিএনসিসি'র অন্তর্গত সরকারি-বেসরকারি হাসপাতাল সমূহে Cross Transmission রোধে মশক নিধনে নিয়মিত বিশেষ অভিযান, মশক ট্র্যাপ স্থাপন, মশারি বিতরণ ইত্যাদি কার্যক্রম নিয়মিত পরিচালনা করা হয়
- রাজউক থেকে প্রায় ৩৩০০ নির্মানাধীন বাড়ীর ঠিকানা সংগ্রহ করে নিয়মিত অভিযান পরিচালনা করা হয়। এছাড়াও রিহ্যাবের সদস্যবৃন্দের সাথে সচেতনতামূলক মতবিনিময় ও কার্যক্রম পরিচালিত হচ্ছে
- উত্তরায় ১০টি সেক্টরে পরিবেশ বান্ধব মশক ট্র্যাপ স্থাপন প্রক্রিয়া চলমান আছে। এর মাধ্যমে মশক নিধন কার্যক্রম ও সার্ভিলেন্স কার্যক্রম অধিকতর উন্নত হবে
- প্রতি ০৬ মাস অন্তর এ মশক সুপারভাইজার এবং মশক কর্মীদের রি-ফ্রেসার ট্রেনিং প্রদান করা
- ডিএনসিসি’র অন্তর্গত পুলিশ ফাঁড়ি ও থানাসমূহে নিয়মিতভাবে ডেঙ্গু রোগ প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণের জন্য চিঠি প্রদান, পরিদর্শন ও নোটিশ জারী
- ডিএনসিস’র অন্তর্গত মার্কেটগুলোতে নিয়মিতভাবে ডেঙ্গু রোগ প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণের জন্য সতর্কীকরণ চিঠি প্রদান, অভিযান পরিচালনা ও নোটিশ জারী
- নার্সারি মালিক ও কাঁচা বাজার সমূহ সাথে নিয়মিত সচেতনতামূলক মতবিনিময় ও কার্যক্রম পরিচালনা

# ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
## স্বাস্থ্য বিভাগ

- এ বছর (২০২৬) মাতৃসদন কেন্দ্র, প্রাইমারী হেলথ কেয়ার সেন্টার এবং এনজিও স্বাস্থ্য কেন্দ্র গুলোতে বিনামূল্যে ডেঙ্গু পরীক্ষা করার নিমিত্তে ১৫০০০ (পনেরো হাজার) কীট ইতোমধ্যে বিতরণ করা হয়েছে
- অক্টোবর ২০২৫ খ্রি. তারিখে প্রথমবারের মতো ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এর নিজস্ব তত্ত্বাবধানে সিডিসির সহায়তায় কীটতাত্ত্বিক জরিপ পরিচালনা করা হয়েছে
- আধুনিক পদ্ধতিতে মশক নিয়ন্ত্রণে বাংলাদেশ পরমানু শক্তি কমিশন এর সাথে যৌথভাবে Sterile Insect Technique (SIT) এর উপযুক্ততা পরীক্ষার কার্যক্রম চলমান আছে
- নগরবাসীকে সচেতন করার লক্ষ্যে সচেতনতামূলক র‍্যালি এবং মশার প্রজননস্থল সমূহ প্রদর্শনের আয়োজন করা হয়
- ICDDR,B এবং IEDCR ও দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয় এর সাথে ডেঙ্গু/মশক নিধন সংক্রান্ত যৌথগবেষণা এবং গবেষণা কাজে সহায়তা প্রদান
- প্রতি বছর ডিএনসিসি'র আওতাধীন এলাকায় কর্মরত নগর স্বাস্থ্য ব্যবস্থাপনায় নিয়োজিত চিকিৎসক, নার্স এবং জেনারেল প্র্যাকটিশনারগণের জন্য Clinical Management for Dengue Patient প্রশিক্ষনের অয়োজন